

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কিশোরগঞ্জ।
food.kishoreganj.gov.bd

স্মারক নং-১৩.৩০.৪৮০০.০০৫.৩৯.০০৫.২৫.১১০৮

তারিখঃ ১৮/০৬/২০২৫খ্রি.

দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাচ্ছে যে, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ এর অধীন পাকুন্দিয়া ও ইটনা এলএসডির অভ্যন্তরে নতুন খাদ্য গুদাম নির্মাণ স্থানে বিদ্যমান বিভিন্ন প্রজাতির জীবিত/কাটা/মরা গাছ নিষ্পত্তির নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/করাত কল মালিক/আগ্রহী ব্যক্তির নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

১	মন্ত্রণালয়/বিভাগ	:	খাদ্য মন্ত্রণালয়।
২	এজেন্সী	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ।
৩	দরপত্র আহবানকারী কর্মকর্তা	:	জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ।
৪	যে কাজের জন্য দরপত্র	:	কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া ও ইটনা এলএসডির অভ্যন্তরে নতুন খাদ্য গুদাম নির্মাণ স্থানে বিভিন্ন প্রজাতির জীবিত/মরা গাছ বিক্রয়।
৫	দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ	:	স্মারক নং- ১৩.৩০.৪৮০০.০০৫.৩৯.০০৫.২৫.১১০৮ তারিখঃ ১৮/০৬/২০২৫ খ্রিঃ
৬	দরপত্র বিক্রয় পদ্ধতি	:	উন্মুক্ত দরপত্র (OTM)
৭	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	:	০৮/০৭/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়।
৮	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	:	০৯/০৭/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা- দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত।
৯	দরপত্র গ্রহণের স্থান	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ এর নিকট দরপত্র বাস।
১০)	দরপত্র দলিল/সিডিউল প্রাপ্তির স্থান	:	নেজারত শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ।
১১)	দরপত্র খোলার তারিখ ও সময়	:	০৯/০৭/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকা।
১২)	দরপত্র উন্মুক্ত করণের স্থান	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ।
১৩)	দরপত্র দাতা/প্রতিষ্ঠানের যোগ্যতা	:	প্রকৃত ব্যবসায়ী/করাত কল মালিক/আগ্রহী ব্যক্তি। তবে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের TIN সনদ, আয়কর বিভাগ হতে ইস্যুকৃত ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র ও কোন তফসিলি ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ থাকতে হবে।
১৪)	দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	:	৫০০.০০ (পাঁচশত) টাকা মাত্র।
১৫)	দরপত্র জামানত	:	উক্ত দরের ১০% হারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জের অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।
	দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবী	:	জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ।
	দরপত্র আহবানকারী কর্মকর্তার ঠিকানা ও ফোন নং	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ। ফোন নং-০২৯৯৭৭৬১৫১৫
১৬)	দরপত্র সম্পর্কিত সকল তথ্য জানার জন্য (অফিস চলাকালীন সময়)	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ এর নেজারত শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। মোবাইল নম্বর : ০১৭১২-৪৪২১১০
	দরপত্র কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তিতে যে কোন পরিবর্তন, সংযোজন বা সংশোধন এবং যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।		

দরপত্রের শর্তাবলী:-

- ১) দরপত্র সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর “জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ এর আওতাধীন (এলএসডির নাম উল্লেখ পূর্বক) অভ্যন্তরে যেখানে যে অবস্থায় আছে জীবিত/কাটা/মরা গাছ/জ্বালানী কাঠের দরপত্র” কথাটি লিখতে হবে।
- ২) প্রতিটি দরপত্র সিডিউলের মূল্য ৫০০.০০ টাকা ই-চালানের মাধ্যমে চালান নং ১৪৮০২০১১৩০২২০/১৪২২৩২৮ প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা। দরপত্র দলিল ফি খাতে যে কোন সরকারি তফসিলি ব্যাংকে জমা পূর্বক নেজারত শাখায় চালানের কপি জমা দিয়ে দরপত্র সিডিউল গ্রহণ করতে হবে। দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত সিডিউল ক্রয় করা যাবে।
- ৩) কোন প্রকার কাটা, ঘষামাজা ও ফ্লুইডযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রে প্রদত্ত দর অংকে ও কথায় লিখতে হবে।
- ৪) উক্ত দরের ১০% হারে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট যে কোন তফসিলি ব্যাংক হতে জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জের অনুকূলে জামানত হিসাবে দরপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।
- ৫) দরপত্রের সাথে দরপত্র দলিল ক্রয়ের চালানের কপি, দরদাতার সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করে দরপত্র দাখিল করতে হবে।
- ৬) দরপত্রের সাথে TIN সনদ ও আয়কর বিভাগ হতে ইস্যুকৃত ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। বিলি আদেশ গ্রহণের সময় মূল প্রত্যয়নপত্র প্রদর্শন করতে হবে।
- ৭) দরপত্রের সাথে কোন তফসিলিভুক্ত ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ দাখিল করতে হবে।
- ৮) আগ্রহী ক্রেতাগণ অফিস চলাকালীন সময়ে যেখানে যে অবস্থায় আছে গাছের/জ্বালানীর নমুনা দেখতে পারবেন। দরপত্র দাখিলের পর কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ৯) সরকারী বিধি মোতাবেক মোট উক্ত মূল্যের ১০% হারে আয়কর ও ৭.৫% হারে ভ্যাট প্রদান করতে হবে।

- ১০) দরপত্রে দরপত্র দাতার পূর্ণ নাম, ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের প্রতি পাতায় দরদাতার স্বাক্ষর থাকতে হবে।
- ১১) কার্যাদেশ প্রদানের পর সফল দরপত্র দাতাকে ১০ দিনের মধ্যে দরপত্রে উদ্ধৃত সমুদয় মূল্য, আয়কর ও ভ্যাট সরকারী কোষাগারে জমা দিয়ে বিলি আদেশ গ্রহণ করতে হবে।
- ১২) বিলি আদেশ প্রদানের ০৭ দিনের মধ্যে ক্রেতা নিজ খরচে ও নিজ দায়িত্বে সরকারী অন্য কোন গাছ বা মাটির ক্ষতি সাধন ব্যতিরেকে ক্রয়কৃত গাছ/জালানী যানবাহনে বোঝাই করে নিবেন। গাছ অপসারণের পর ক্রেতা নিজ ব্যবস্থাপনায় মাটি সমান করে দিতে হবে। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৩) দরপত্রে উদ্ধৃত মূল্য, ভ্যাট ও আয়কর জমা দিয়ে সম্পূর্ণ গাছ/জালানী এলএসডি হতে অপসারণের পর জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বিমুক্ত করা হবে।
- ১৪) দরপত্র কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্রে যে কোন সংযোজন, সংশোধন বা পরিবর্তন করা এবং যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষর:-

(আলমগীর কবির)

জেলা খাদ্য নিয়ন্ত্রক

কিশোরগঞ্জ।

ফোনঃ ০২৯৯৭৭৬১৫১৫

mail : dcf.ksj@dgfood.gov.bd

ও

সভাপতি


জেলা গাছ নিষ্পত্তি কমিটি, কিশোরগঞ্জ।

তারিখঃ ১৮/০৬/২০২৫খ্রি.

স্মারক নং-১৩.৩০.৪৮০০.০০৫.৩৯.০০৫.২৫.১১০৮

অনুলিপিঃ- সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক (সকল) খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, পাকুন্দিয়া/ইটনা, কিশোরগঞ্জ।
- ৬) জেলা তথ্য অফিসার, কিশোরগঞ্জ।
- ৭) সহকারী বন সংরক্ষক, কিশোরগঞ্জ।
- ৮) জেলা পর্যায়ের সকল অফিস.....।
- ৯) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)..... কিশোরগঞ্জ।
- ১০) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, কিশোরগঞ্জ সদর এলএসডি-১, কিশোরগঞ্জ।
- ১১) ভারপ্রাপ্ত কর্মকর্তা পাকুন্দিয়া/ইটনা এলএসডি, কিশোরগঞ্জ।
- ১২) সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, কিশোরগঞ্জ।
- ১৩) নোটিশ বোর্ড।
- ১৪) অফিস নথি।


২৫/০৬/২০২৫
জেলা খাদ্য নিয়ন্ত্রক
কিশোরগঞ্জ।